# তত্ত্বাবধানমূলক লাইসেন্স: ভ্রাম্যমান খাদ্য বিক্রেতাদের কী কী জানতে হবে

একটি নতুন স্থানীয় আইন ভ্রাম্যমান খাদ্য বিক্রেতারা যেভাবে পুরো বছরের জন্য (পূর্ণ-মেয়াদি) ভ্রাম্যমান খাদ্য বিক্রয়ের (mobile food vending, MFV) পারমিট পেতে পারেন তাতে বদল এনেছে এবং 2032 সাল পর্যন্ত এই পারমিটের সংখ্যা বাড়িয়ে 4,450-এ নিয়ে গেছে। সুনির্দিষ্টভাবে বললে, এই নতুন আইনে:

- একটি নতুন ধরনের MFV লাইসেন্স তৈরি করা হয়েছে যাকে তত্ত্বাবধানমূলক লাইসেন্স বলা হচ্ছে। একটি তত্ত্বাবধানমূলক লাইসেন্স বিক্রেতাদের একটি পারমিটের জন্য আবেদনের সুযোগ দেয়। দুই ধরনের তত্ত্বাবধানমূলক লাইসেন্স আছে: একটি শহরব্যাপী লাইসেন্স এবং একটি Manhattan ব্যতীত নিউ ইয়র্ক শহর (New York City, NYC)-এর সমস্ত বোরোগুলির জন্য (Manhattan-বহির্ভুত) লাইসেন্স।
- NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তর (স্বাস্থ্যদপ্তর) দ্বার 2032 সাল অবধি প্রতি বছর নিম্নোক্ত সংখ্যক আবেদনের প্রস্তাব করা আবশ্যক করা হয়েছে:
    - শহরব্যাপী তত্ত্বাবধানমূলক লাইসেন্সের জন্য 100টি আবেদন।
    - Manhattan-বহির্ভুত তত্ত্বাবধানমূলক লাইসেন্সের জন্য 300টি আবেদন।
    - বিকলাঙ্গ ও মার্কিন যুক্তরাষ্ট্রের প্রবীন নাগরিকদের জন্য শহরব্যাপী তত্ত্বাবধানমূলক লাইসেন্সের জন্য 45টি আবেদন।
- তত্ত্বাবধানমূলক লাইসেন্স-প্রদত্ত ইউনিটে একজন তত্ত্বাবধানমূলক লাইসেন্সধারক থাকাকে আবশ্যক করা হয়েছে যিনি সংশ্লিষ্ট ইউনিটটির কাজ চলাকালীন ওই ইউনিটেই কর্মরত থাকবেন।

এই বদলগুলি সেই সব MFV ইউনিটগুলির জন্য প্রযোজ্য নয় যাদের একটি অস্থায়ী (মরশুম-ভিত্তিক) পারমিট, Green Cart পারমিট বা সীমাবদ্ধ এলাকার পারমিট রয়েছে। এই ইউনিটগুলির জন্য একটি তত্ত্বাবধানমূলক লাইসেন্সের দরকার নেই।

আপনার যদি এই মুহূর্তে একটি শহরব্যাপী বা বোরো-নির্দিষ্ট পারমিট থেকে থাকে, যা 1লা জুলাই, 2022 তারিখের আগে জারি করা হয়েছিল, তাহলে আপনার ইউনিটের জন্য 1লা জুলাই, 2032 তারিখ অবধি কোন তত্ত্বাবধানমূলক লাইসেন্সের দরকার হবে না। স্বাস্থ্যদপ্তরের তরফে পরবর্তী একটি তারিখে এই আবশ্যকতার উপর নিয়মাবলী জারি করা হবে।

আপনি যদি পূর্ণ-মেয়াদি, শহরব্যাপী বা বোরো-নির্দিষ্ট একটি পারমিটের জন্য প্রতীক্ষা-তালিকায় থেকে থাকেন, তাহলে আপনার নামটি তত্ত্বাবধানমূলক লাইসেন্সের প্রতীক্ষা-তালিকায় যোগ করা হবে। অতীতের ওই পারমিটের প্রতীক্ষা-তালিকাগুলি এখন বন্ধ করা হল।

## তত্ত্বাবধানমূলক লাইসেন্স সম্পর্কে আমার কী কী জানা দরকার?

তত্ত্বাবধানমূলক লাইসেন্স কেবলমাত্র একজন একক ব্যক্তিকেই জারি করা যেতে পারে। একজন বিক্রেতা তার তত্ত্বাবধানমূলক লাইসেন্সে উল্লেখিত এলাকার জন্য একটি পূর্ণ-মেয়াদি পারমিটের জন্য আবেদন করতে পারেন। একজন বিক্রেতা তার তত্ত্বাবধানমূলক লাইসেন্সটি পাবার পর যে কোন সময়ে (যতক্ষণ লাইসেন্সটি

চালু থাকবে) আবেদন করতে পারেন। একজন তত্ত্বাবধানমূলক লাইসেন্সধারক একজন ভ্রাম্যমান খাদ্য বিক্রেতা হিসেবে ওই একই ধরনের ইউনিটে খাদ্য বিক্রয় করতে পারেন।

- আপনার যদি একটি শহরব্যাপী তত্ত্বাবধানমূলক লাইসেন্স থাকে, তাহলে আপনি আপনার তত্ত্বাবধানমূলক লাইসেন্স-প্রদত্ত ইউনিটটিতে একজন তত্ত্বাবধানমূলক লাইসেন্সধারক হিসেবে কাজ করতে পারেন। আপনার যদি একটি Manhattan-বহির্ভুত তত্ত্বাবধানমূলক লাইসেন্স থাকে, তাহলে আপনি Manhattan-এর বাইরে আপনার তত্ত্বাবধানমূলক লাইসেন্স-প্রদত্ত ইউনিটটিতে একজন তত্ত্বাবধানমূলক লাইসেন্সধারক হিসেবে কাজ করতে পারেন।
- আপনার তত্ত্বাবধানমূলক লাইসেন্সটির মেয়াদ ফুরিয়ে গেলে, আপনি আপনার তত্ত্বাবধানমূলক লাইসেন্স এবং আপনার তত্ত্বাবধানমূলক লাইসেন্স পারমিটটি হারাবেন। তৎপরবর্তী যে কোন সময়ে আপনি একটি ভ্রাম্যমান খাদ্য বিক্রেতার লাইসেন্সে ফিরে যেতে পারেন।
- আপনি যদি এই তত্ত্বাবধানমূলক লাইসেন্সটি প্রত্যাখ্যান করেন, তাহলে আপনি আপনার বিদ্যমান ভ্রাম্যমান খাদ্য বিক্রেতার লাইসেন্সটিই রাখতে পারেন এবং পারমিটপ্রাপ্ত যে কোন MFV ইউনিটে কাজ করতে পারেন (তত্ত্বাবধানমূলক লাইসেন্স-প্রদত্ত ইউনিট সমেত, যদি তাতে একজন তত্ত্বাবধানমূলক লাইসেন্সধারক উপস্থিত থাকেন তাহলেই)।

## আমি কীভাবে একটি তত্ত্বাবধানমূলক লাইসেন্স পেতে পারি?

জারি করা তত্ত্বাবধানমূলক লাইসেন্সের সংখ্যা আইন দ্বারা সীমাবদ্ধ রাখা হয়েছে। আপনাকে অবশ্যই একটি প্রতীক্ষা-তালিকায় থাকতে হবে এবং আপনার অবস্থান সংখ্যাটি একটি তত্ত্বাবধানমূলক লাইসেন্সের আবেদন পাবার জায়গায় আসা অবধি আপনাকে অপেক্ষা করতে হবে। স্বাস্থ্যদপ্তর নিম্নোক্তগুলির জন্য প্রতীক্ষা-তালিকাগুলি তৈরি করছে:

- শহরব্যাপী তত্ত্বাবধানমূলক লাইসেন্স।
- Manhattan ব্যতীত NYC-র সমস্ত বোরোগুলিতে ব্যবহারের জন্য (Manhattan-বহির্ভুত) একটি তত্ত্বাবধানমূলক লাইসেন্স।
- বিকলাঙ্গ ও মার্কিন যুক্তরাষ্ট্রের প্রবীন নাগরিকদের জন্য একটি শহরব্যাপী তত্ত্বাবধানমূলক লাইসেন্স।

স্বাস্থ্যদপ্তর 2022-এর শরতে নিম্নোক্তদের জন্য শহরব্যাপী ও Manhattan-বহির্ভুত তত্ত্বাবধানমূলক লাইসেন্সের প্রতীক্ষা-তালিকাগুলি জারি করবে:

- সেই সব বিক্রেতাগণ যারা একটি পূর্ণ-মেয়াদি, শহরব্যাপী বা বোরো-নির্দিষ্ট পারমিট পাবার প্রতীক্ষা-তালিকায় ছিলেন।
- সেই সব বিক্রেতাগণ যাদের 1লা মার্চ, 2017 বা তার আগে থেকে নিরন্তর একটি MFV লাইসেন্স রয়ে গেছে।

স্বাস্থ্যদপ্তর এই সব বিক্রেতাদের একটি প্রতীক্ষা-তালিকা বেছে নেবার জন্য একটি আবেদন পাঠাবে। প্রত্যেক বিক্রেতা একটি প্রতীক্ষা-তালিকা বেছে নেবার জন্য 30 দিন সময় পাবেন। প্রতীক্ষা-তালিকার ক্রম স্থানীয় আইন অনুযায়ী সাজানো হবে। সেই সব বিক্রেতাদের অগ্রাধিকার দেওয়া হবে যারা পূর্ণ-মেয়াদি পারমিটের জন্য প্রতীক্ষা-তালিকায় ছিলেন এবং সেই সঙ্গে যাদের 1লা মার্চ, 2017 বা তার আগে থেকে নিরন্তর একটি ভ্রাম্যমান খাদ্য বিক্রেতার লাইসেন্স রয়েছে।

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রবীণ নাগরিক ও বিকলাঙ্গদের জন্য শহরব্যাপী তত্ত্বাবধানমূলক লাইসেন্সের জন্য প্রতীক্ষা-তালিকা 2023-এ জারি করা হবে। প্রতীক্ষা-তালিকার সময়কাল চালু হলে লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাদের বিজ্ঞপ্তি দিয়ে জানানো হবে।

**আমি একটি তত্ত্বাবধানমূলক লাইসেন্সের প্রতীক্ষা-তালিকায় থাকলে কী হবে?**
বিক্রেতাদের তাদের তত্ত্বাবধানমূলক লাইসেন্সের প্রতীক্ষা-তালিকার ব্যাপারে ডাকযোগে জানানো হবে। প্রতীক্ষা-তালিকায় আপনার অবস্থান সংখ্যাটি জানতে এবং প্রতিটি প্রতীক্ষা-তালিকার বর্তমান অবস্থান সংখ্যাটি কত তা জানতে, **nyc.gov/health/mobilefood** দেখুন। আপনার অবস্থান সংখ্যাটি এসে গেলে, স্বাস্থ্যদপ্তর আপনাকে ডাকযোগে একটি তত্ত্বাবধানমূলক লাইসেন্সের আবেদনপত্র পাঠিয়ে দেবে। আপনার আবেদনপত্রটি জমা করার জন্য আপনি 90 দিন সময় পাবেন।

তত্ত্বাবধানমূলক লাইসেন্স ও পারমিট সংক্রান্ত সমস্ত তথ্যাবলী রেকর্ডে থাকা ঠিকানায় পাঠিয়ে দেওয়া হবে। আপনি **onlineappsdocs@dcwp.nyc.gov**-এ একটি ইমেল পাঠিয়ে অথবা 212-436-0441 নম্বরে কল করে Manhattan (42 Broadway, Fifth Floor) or Queens (90-27 Sutphin Blvd., Fourth Floor) স্থিত Citywide Licensing Center (শহরব্যাপী লাইসেন্স প্রদানকেন্দ্র)-এ সাক্ষাতের একটি সময় নির্ধারণ করে আপনার ঠিকানা সংশোধন করতে পারেন।

আপনার তত্ত্বাবধানমূলক লাইসেন্সটি প্রথমবার জারির জন্য আপনাকে কোন অর্থব্যয় করতে হবে না। আপনার বর্তমান ভ্রাম্যমান খাদ্য বিক্রেতার লাইসেন্সের মেয়াদোত্তীর্ণের তারিখই আপনার তত্ত্বাবধানমূলক লাইসেন্সের মেয়াদোত্তীর্ণের তারিখ হবে। আপনার তত্ত্বাবধানমূলক লাইসেন্সটি দুই বছরের জন্য পুনর্নবীকরণ করতে $438 ব্যয় করতে হবে।

আপনি আপনার তত্ত্বাবধানমূলক লাইসেন্সটি পেয়ে গেলেই, আপনাকে ডাকযোগে একটি পারমিট পাঠিয়ে দেওয়া হবে। আপনার তত্ত্বাবধানমূলক লাইসেন্স পারমিটের আবেদন জমা করার কোন নির্দিষ্ট তারিখ নেই।

প্রত্যেক বিক্রেতা একটি করেই পারমিট পেতে পারেন। আপনার যদি আগে থেকেই একটি পারমিট থাকে এবং আপনি সেটিকে একটি তত্ত্বাবধানমূলক লাইসেন্স পারমিটে বদলে নিচ্ছেন, তাহলে, আপনাকে তত্ত্বাবধানমূলক লাইসেন্স জারির পর থেকে 270 দিন অতিক্রান্ত হবার পর অথবা বর্তমান পারমিটটির মেয়াদোত্তীর্ণ হবার তারিখ এই দুইয়ের মধ্যে যেটি আগে হবে সেই দিন থেকে আপনার বর্তমান পারমিটটি কার্যকর হবে। এই বিষয়টি সীমাবদ্ধ এলাকার পারমিটগুলির জন্য প্রযোজ্য নয়।